

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

তারিখঃ ২৭ চৈত্র ১৪২৫  
১০ এপ্রিল ২০১৯

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.(মতামত-১).১৮-২০০

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখের রায়/আদেশ এবং আপিল পিটিশন নং-৯৬৬/২০১২ এর ১৭/০২/২০১৪ তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন শ্যামনগর টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজের অধ্যক্ষসহ ০৮ জন শিক্ষক-কর্মচারীর অনুকূলে ০৬/০৫/২০১০ তারিখ থেকে ডিসেম্বর/২০১৫ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ পরিশোধ সংক্রান্ত।

সূত্রঃ বিজ্ঞ এ্যাডভোকেট, জনাব মুহাম্মদ তাজুল ইসলাম, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর ১৬/০৩/২০১৯ তারিখের Notice of Contmpt.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত Notice of Contmpt এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন শ্যামনগর টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজটি এমপিওভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত ০৬/৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকে প্রকাশিত তালিকার ৯১ নং ক্রমিকে নির্বাচিত করা হয়। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেকে একই মন্ত্রণালয়ের ৩১/৫/২০১০ তারিখে প্রকাশিত এমপিও তালিকা হতে বর্গিত প্রতিষ্ঠানটির নাম বাতিল করা হয় (প্রস্তাবের সাথে তালিকা পাওয়া যায়নি)। ফলে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ, জনাব হাফিজুল আল মাহমুদ কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলা দায়ের করা হয়।

২। গত ১৫/১২/২০১০ তারিখে আরো অন্যান্য ৩টি মামলার সাথে (একত্রে মোট ৪টি মামলার) মামলায় মাননীয় উচ্চ আদালত কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলার রায়/নির্দেশনা নিম্নরূপ-

"The respondents are hereby directed to enlist the name of the respective College in the MPO list within a period of 90 days from the date of receipt of this judgment and order provided those Colleges fulfill the requirements as provided in "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" published on 4.2.2010.

৩। রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনার বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৯৬৬/২০১২ মামলা দায়ের করা হলে মাননীয় আপিল আদালত কর্তৃক বিগত ০৯/০২/২০১৪ খ্রি: তারিখে নিম্নরূপ রায়/নির্দেশনা প্রদান করা হয়-

"The leave petition is out of time by 427 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. As such, the leave petition is dismissed as barred by limitation." ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায়।

৪। ফলে বর্গিত প্রতিষ্ঠানটির শিক্ষক-কর্মচারীদের বকেয়া ব্যতীত এমপিওভুক্তির জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর নির্দেশনা দিয়ে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় হতে ০৮/৯/২০১৫ তারিখে ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৬.২০১৩/৩৪১ সংখ্যক স্মারকমূলে পত্র জারী করা হয়। তৎপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক জানুয়ারি/২০১৬ মাসে অধ্যক্ষসহ ০৩ (তিন) জন এবং মার্চ/২০১৬ মাসে ০৫ (পাঁচ) জন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা হয়েছে মর্মে এমপিও সীট দেখা যায়।

৫। এক্ষেত্রে বর্গিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ০৬/৫/২০১০ হতে ডিসেম্বর/২০১৫ পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্তির জন্য আবেদন দাখিল করা হয়েছে। একইসাথে রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখের রায়/আদেশ এবং সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-৯৬৬/২০১২ মামলার ০৯/০২/২০১৪ তারিখে প্রদত্ত নির্দেশনার আলোকে বর্গিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ২০০৯-২০১০ অর্থ বছর হতে বকেয়া বেতন-ভাতা প্রদানের কথা উল্লেখ করে বিজ্ঞ আইনজীবী কর্তৃক Notice of Contempt প্রেরণ করা হয়েছে।

৬। উল্লেখ্য, রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখের রায় এবং সরকার পক্ষে দায়েরকৃত আপিল নং-৯৬৬/২০১২ মামলার গত ০৯/২/২০১৪ খ্রি: তারিখের আদেশে বকেয়া প্রদানের কোন নির্দেশনা নেই বিধায় বকেয়া পরিশোধের সুযোগ আছে মর্মে প্রতীয়মান হয়নি।

৭। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৫৩৯৮/২০১০ মামলার ১৫/১২/২০১০ তারিখের রায়/আদেশ এবং আপিল পিটিশন নং-৯৬৬/২০১২ এর ১৭/০২/২০১৪ তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন শ্যামনগর টেকনিক্যাল অ্যান্ড বি.এম কলেজের অধ্যক্ষসহ ০৮ জন শিক্ষক-কর্মচারীর অনুকূলে ০৬/০৫/২০১০ থেকে ডিসেম্বর/২০১৫ পর্যন্ত সময়ের বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ (এমপিও) প্রদানের সুযোগ নেই মর্মে নির্দেশক্রমে বিষয়টি অবহিত করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৯৫৮৬৫৮৩।

জনাব মো: হাফিজুল আল মাহমুদ  
অধ্যক্ষ  
শ্যামনগর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ  
ডাকঘর-নকিপুর, উপজেলা-শ্যামনগর, জেলা- সাতক্ষীরা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁ, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (গেট্রিট ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। জনাব মুহাম্মদ তাজুল ইসলাম, বিজ্ঞ এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-১৪২ (নীচতলা), সুপ্রীম কোর্ট বার এ্যাসোসিয়েশন ভবন, ঢাকা।
- ৬। অফিস কপি/মাস্টার কপি।